**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**29 OCTOBER 2024** **7:35 AM IST**

==========================================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লীতে ধন্বন্তরি দিবস এবং নবম আয়ুর্বেদ দিবস উপলক্ষে ১২ কোটি ৮৫০ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে সাস্থ্য ক্ষেত্রের সংগে জড়িত বেশ কয়েকটি প্রকল্পের সূচনা এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন ।

আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার অতিরিক্ত সংযোজনের অংশ সরুপ এই প্রকল্পগুলি গ্রহণ করা হয়েছে । এই প্রকল্পে বার্ষিক আয়কে আয়ত্তের মধ্যে না এনে ৭০ বছর ও এর উর্দ্ধে সকল নাগরিককে অর্ন্তভুক্ত করা হবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নতুন ভাবে বাছাই করা ৫১ হাজারের অধিক প্রার্থীকে ভি-ডি-ও কনফারেন্সের মাধ্যমে নিযুক্তি পত্র বিতরণ করবেন । দেশের ৪০টি স্থানে আয়োজিত রোজগার মেলার মাধ্যমে আগামীকাল কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রনালয় এবং বিভাগে এই প্রার্থীদের নিযুক্ত করা হবে । এই রোজগার মেলাই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নিয়োগ সৃষ্টির

অগ্রাধিকারের দায়বদ্ধতাকে প্রতিফলিত করে । এ ধরণের মেলা দেশের যুব প্রজন্মকে রাষ্ট্র নির্মানে উৎসাহিত প্রদান করবে বলেও শ্রী মোদী আশা প্রকাশ করেছেন । নতুন ভাবে নিযুক্তিপত্র প্রদান করা প্রার্থীরা iGOT কর্মযোগী অন-লাইন পোর্টালের মাধ্যমে প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন বলেও জানানো হয়েছে । দেশের যুব প্রজন্ম বিকশিত ভারত নির্মানের ক্ষেত্রে প্রয়োজনীয় দক্ষতা এবং নিযুক্তির সুবিধা লাভ করার জন্য ১ হাজার ৪শোর অধিক ই-শিক্ষণ পাঠ্যক্রম এই কর্মযোগী পোর্টালের মাধ্যমে গ্রহণ করতে পারবে ।

এই উপলক্ষে গৌহাটি চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল প্রেক্ষাগৃহে আগামীকাল সকাল সাড়ে ১০টা থেকে রোজগার মেলার আয়োজন করা হয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে অংশ গ্রহণ করা এই মেলায় কেন্দ্রীয় বন্দর, জাহাজ ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল এই কার্যসূচিতে উপস্থিত থাকবেন ।

---

রাজ্যের পাঁচটি বিধানসভা আসনে উপ-নির্বাচনের আগামী ১৩ই নভেম্বর অনুষ্ঠেয় ভোটগ্রহণ পর্বের আজ মনোনয়ন পত্র পরীক্ষার সময়ে চারটি বিধানসভা আসনের মনোনয়ন পত্র পরীক্ষা সম্পন্ন হয়েছে । ধলাই (সংরক্ষিত) আসন সহ বিহালী, কাজিরাঙ্গা ও সিডলি আসনের মনোনয়ন পত্রগুলি আজ পরীক্ষা হয়ে গেছে। শুধুমাত্র সামগুড়ি বিধানসভা কেন্দ্রের মনোনয়ন পত্রগুলির পরীক্ষা আগামীকাল বেলা এগারোটা পর্যন্ত স্থগিত রাখা হয়েছে । এদিকে ধলাই আসনের নির্দল প্রার্থী অমিয় কান্তি দাস আজ তার মনোনয়ন পত্র প্রত্যাহার করে নিয়েছেন । রাজ্যের মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়াকে সঙ্গে নিয়ে আজ তিনি ধলাইয়ের নির্বাচনী রিটার্নিং অফিসারের কাছে গিয়ে তার মনোনয়ন পত্র প্রত্যাহার করে নেন । এর পরিপ্রেক্ষিতে বর্তমানে এই আসনে আটজন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রইলেন । তবে আগামী ৩০শে

অক্টোবর মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিনে এই আসনের প্রার্থীদের পূর্ণাঙ্গ চিত্র স্পষ্ট হবে ।

---

সমগ্র দেশে আজ থেকে জন জীবনে সততা এবং একটি দূর্নীতিমুক্ত সমাজের জন্য সতর্কতা সচেতনতা সপ্তাহ - ২০২৪ পালন করা হচ্ছে । এই সপ্তাহের মূল বিষয়বস্তু হচ্ছে দেশের সমৃদ্ধির জন্য সাংস্কৃতিক সমন্বয় । গণ প্রশাসন এবং সরকারী কাজকর্মের স্বচ্ছতা ও নীতি প্রয়োজনীয়তার জন্য এই সপ্তাহ পালন করা হচ্ছে । এই সপ্তাহে বিভিন্ন মন্ত্রনালয়, বিভাগ, সরকারী প্রতিষ্ঠান, ব্যাঙ্ক এবং বিভিন্ন সংস্থার আধিকারিক-কর্মচারীরা শপথ গ্রহণ করবেন । দূর্নীতির বিরুদ্ধে সচেতনতা সৃষ্টির জন্য সপ্তাহব্যাপী বিভিন্ন কার্যসূচি অনুষ্ঠিত হবে । ভারতরত্ন সর্দার বল্লবভাই প্যাটেলের জন্ম জয়ন্তীর সঙ্গে সঙ্গতি রেখে প্রতিবছর এই সপ্তাহ পালন করা হয় । আকাশবাণীর সঞ্চালক প্রধান ডক্টর প্রজ্ঞা পালিয়াল গৌড় আজ নতুন দিল্লীর আকাশবাণী ভবণে এই সপ্তাহ উপলক্ষে আধিকারিক-কর্মচারীদের একতার শপথবাক্য পাঠ করান ।

রাজ্যের বিভিন্ন প্রান্তে আজ থেকে সতর্ককতা-সচেতনতা সপ্তাহ পালন করা হচ্ছে ।

---

সর্দার বল্লবভাই প্যাটেলার জন্মবার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে আয়োজন করা একতা দৌর ৩১ অক্টোবরের পরিবর্তে আগামীকাল অনুষ্ঠিত হবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এ কথা ঘোষণা করে বলেন যে এবার ৩১ অক্টোবর সর্দার প্যাটেলের জন্মবার্ষিকী দীপাবলী উৎসবের সঙ্গে একই সময়ে হওয়ায়

একতা দৌর কার্যসূচি আগামীকাল পালন করা হবে । প্রধানমন্ত্রী দেশবাসীকে দলে দলে এই কার্যসূচিতে অংশ গ্রহণ করে ভারতের ঐক্যের মন্ত্র সহ সুস্বাস্থ্যের মন্ত্র সবার মধ্যে ছড়িয়ে দেওয়ার আহ্বান জানান । তবে, লৌহমানবের শ্রদ্ধাঞ্জলী এবং জাতীয় একতা দিবসের শপথ গ্রহণ কার্যসূচি প্রতিবছরের মত ৩১ অক্টোবরই অনুষ্ঠিত হবে বলে তিনি জানিয়েছেন ।

---

সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আগামীকাল হাইলাকান্দিতে রান ফর ইউনিটি অর্থাৎ একতা দৌড়ের আয়োজন করা হয়েছে । আগামীকাল সকাল ৮ টায় জেলা আয়ুক্তের কার্যালয় থেকে এই দৌড় শুরু হবে । জনসাধারণকে একতা দৌড়ে অংশ নিতে জেলা প্রশাসন থেকে আবেদন জানানো হয়েছে । এদিকে জেলার সবকটি উন্নয়ন খন্ডের হেড কোয়ার্টার ,শিক্ষা প্রতিষ্ঠান এবং লালা পুরসভার উদ্যোগেও আগামীকাল লালাবাজারে একতা দৌড়ের আয়োজন করা হয়েছে । উল্লেখ্য আগামী ৩১ শে অক্টোবর সর্দার বল্লভভাই প্যাটেলের জন্ম দিবসে কালীপূজোর ছুটি থাকায় এবছরের কার্যসূচী দুইদিন আগে এগিয়ে নিয়ে আসা হয়েছে । এদিকে সরকারের সিদ্ধান্ত অনুসারে সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে দুবছরব্যাপী সমগ্র দেশে বিভিন্ন কার্যসূচী অনুষ্ঠিত হবে । এর অঙ্গ হিসেবে আগামীকাল থেকে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হবে এবং আগামী বৃহস্পতিবার জাতীয় একতার শপথ গ্রহণ করা সহ লৌহ মানব সর্দার বল্লভভাই প্যাটেলের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করা হবে ।

---